জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
মহাপরিচালকের অধিদপ্তর
ডায়েরী নং...৬৭...
তারিখঃ...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-৪ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

অতিরিক্ত মহাপরিচালক
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান)
পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল)

নং-১৫.০০.০০০০.০১৮.২২.০০১.২৫. ৬০২

তারিখ: ২১ পৌষ ১৪৩২ / ০৫ জানুয়ারি ২০২৬

বিষয়: জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের ''মুনসুন রিভল্যুশন অডিটরিয়াম বহুমাত্রিক ব্যবহার নীতিমালা, ২০২৫" বাংলাদেশ গেজেটে প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের ''মুনসুন রিভল্যুশন অডিটরিয়াম বহুমাত্রিক ব্যবহার নীতিমালা, ২০২৫" অনুমোদিত হয়েছে। উক্ত নীতিমালা বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। মুদ্রিত গেজেটের ৫০০(পাঁচশত) কপি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: নীতিমালা ০৫ (পাঁচ) পাতা

০৫.০১.২৬
তসলিমা নূর হোসেন
উপসচিব (প্রশাসন-৪)
ফোন : ৫৫১০১৩৬১
ই-মেইল : admin4@moi.gov.bd

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর
ঢাকা।

নং-১৫.০০.০০০০.০১৮.২২.০০১.২৫. ৬০২

তারিখ: ২১ পৌষ ১৪৩২ / ০৫ জানুয়ারি ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
০২। উপদেষ্টার একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৪। অফিস কপি; এবং
০৫। মাস্টার কপি।

০৫.০১.২৬
তসলিমা নূর হোসেন
উপসচিব (প্রশাসন-৪)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, ঢাকা-১২১৬

নম্বর : ১৫.৫৫.০০০০.৩০১.১৬.০২১.২৫. ৭৬ (৯৬৩)

তারিখ: ৩০ পৌষ ১৪৩২ / ১৪ জানুয়ারি ২০২৬

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের "মুনসুন রিভল্যুশন অডিটরিয়াম বহুমাত্রিক ব্যবহার নীতিমালা, ২০২৫" অনুমোদিত হয়েছে। অনুমোদিত নীতিমালা অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৃষ্ঠাঙ্কন করা হলো।

মুহম্মদ হিরুজ্জামান এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৫৫০৭৯৪২৮

বিতরণ:

১। পরিচালক (প্রশাসন ও উন্নয়ন/প্রশিক্ষণ অনুষ্ঠান/প্রশিক্ষণ প্রকৌশল), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
২। সকল কর্মকর্তা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
৩। প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (নীতিমালাটি ইনস্টিটিউটের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৪। সকল কর্মচারী, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।

E:\Admin-1\এনডোর্সমেন্টপত্র.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-৪ অধিশাখা

**প্রজ্ঞাপন**

নং : ১৫.০০.০০০০.০১৮.২২.০০১.২৫. ৮০৮ তারিখ : অগ্রহায়ণ ১৪৩২ / নভেম্বর ২০২৫

বিষয়: **"মুনসুন রিভল্যুশন অডিটোরিয়াম বহুমাত্রিক ব্যবহার নীতিমালা, ২০২৫"** ব্যবহারের নীতিমালা

এতদ্বারা জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের **"মুনসুন রিভল্যুশন অডিটোরিয়াম বহুমাত্রিক ব্যবহার নীতিমালা, ২০২৫"** নীতিমালা জারি করা হলো :

১। সংক্ষিপ্ত শিরোনাম: এ নীতিমালা **"মুনসুন রিভল্যুশন অডিটোরিয়াম বহুমাত্রিক ব্যবহার নীতিমালা, ২০২৫"** নামে অভিহিত হবে।

২। **সংজ্ঞা**: বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে, এ নীতিমালায়:

(ক) **''কর্তৃপক্ষ''** বলতে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট বুঝাবে।

(খ) **''ব্যবহারকারী প্রতিষ্ঠান''** বলতে অডিটোরিয়ামটি ব্যবহারের জন্য আবেদনকৃত এবং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কোনো প্রতিষ্ঠান বা ব্যক্তিকে বুঝাবে।

৩। **অডিটোরিয়াম নির্মাণের উদ্দেশ্য:**

৩.১। প্রশিক্ষণ কর্মসূচি সুষ্ঠুভাবে পরিচালনা করে মানব সম্পদের উন্নয়ন সাধন।

৩.২। আন্তর্জাতিক, আঞ্চলিক ও দেশীয় প্রশিক্ষণ, সেমিনার ও কর্মশালার আয়োজনের সুযোগ সৃষ্টি।

৩.৩। সামাজিক, শিল্পসাহিত্য ও সাংস্কৃতিক কর্মকান্ডের বিকাশ ঘটানো।

৩.৪। সরকারের রাজস্ব আয় বৃদ্ধি।

৪। **অডিটোরিয়াম ব্যবহারের শর্তাবলি:**

৪.১। এ ইনস্টিটিউট প্রয়োজনে যে কোনো দিন অডিটোরিয়াম ব্যবহার করতে পারবে।

৪.২। সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা এবং বেসরকারি প্রতিষ্ঠান ও ব্যক্তি ভাড়ার বিনিময়ে অডিটোরিয়ামটি ব্যবহার করতে পারবে।

৪.৩। ভাড়ার বিনিময়ে অডিটোরিয়ামটি ব্যবহার করতে অডিটোরিয়াম ব্যবহারের ০৭ (সাত) দিন পূর্বে লিখিত আবেদন করতে হবে। যে কাজে ভাড়ায় ব্যবহার করা হবে আবেদনে তা উল্লেখ করতে হবে।

৪.৪। এ ইনস্টিটিউট রাষ্ট্রীয় প্রয়োজনে যে কোনো সময় অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত অনুমোদন বাতিল, সংশোধন, সংযোজন বা পরিমার্জন করার ক্ষমতা সংরক্ষণ করবে।

৪.৫। অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান কেবলমাত্র অনুমোদিত দিন/দিনসমূহে সকাল ০৯:০০টা থেকে রাত ১০:০০ টা পর্যন্ত অডিটোরিয়ামটি ব্যবহার করতে পারবে।

৪.৬। শিক্ষামূলক অনুষ্ঠান, চলচ্চিত্র প্রদর্শন, নাটক মঞ্চায়ন, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ সুস্থ চিত্তবিনোদন অনুষ্ঠান আয়োজনের জন্য এ অডিটোরিয়াম ব্যবহার করা যাবে।

৪.৭। ইনস্টিটিউটের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য রাত ১০:০০ টার পর কেবলমাত্র কর্তৃপক্ষের অনুমোদনকৃত অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানের নিয়োজিত নিরাপত্তা কর্মী বা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ব্যক্তি অডিটোরিয়াম এলাকা বা এ ইনস্টিটিউট ক্যাম্পাসে অবস্থান করতে পারবে ।

৪.৮। অডিটোরিয়ামের অধিকতর নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য প্রয়োজনে কর্তৃপক্ষ নিরাপত্তা কর্মী নিয়োগ করতে পারবে।

৪.৯। জাতীয় ইতিহাস, ঐতিহ্য, শিল্প-সংস্কৃতি এবং ধর্মীয় মূল্যবোধ পরিপন্থি কোনো অনুষ্ঠান অডিটোরিয়ামে আয়োজন করা যাবে না।

চলমান পাতা-০২

৪.১০। তবে বিদেশী কোনো প্রতিষ্ঠান বা ব্যক্তি স্ব-স্ব দেশের ইতিহাস, শিল্প-সংস্কৃতি বিকাশে অনুষ্ঠান করতে পারবে।

৪.১১। অডিটোরিয়ামের সুবিধাধি:

ক) ১৯২ দর্শক আসনবিশিষ্ট শব্দ অন্তরক ব্যবস্থা।
খ) অডিটোরিয়াম সংলগ্ন গ্রিনরুম।
গ) শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা।
ঘ) যন্ত্রপাতিসহ শব্দ ও আলোক ব্যবস্থা এবং নিয়ন্ত্রণকক্ষ।
ঙ) অগ্নিনির্বাপন ব্যবস্থা।
চ) বেসমেন্টে ১০টি কার পার্কিং এর স্থান।
ছ) ইন্টারকম সিস্টেম।

৪.১২। অডিটোরিয়ামের শীতাতপ নিয়ন্ত্রণ, শব্দ ও আলোক যন্ত্রপাতি ও আনুষঙ্গিক এবং মূলস্ক্রীন ও অগ্নিনির্বাপন ব্যবস্থাসহ কারিগরি সকল বিষয়াদি এ ইনস্টিটিউটের জনবলের তত্ত্বাবধানে নিয়ন্ত্রিত ও পরিচালিত হবে।

৪.১৩। স্থাপিত শব্দ বা আলোক সরঞ্জামাদির যথাযথ ব্যবহার করে নাটক বা অনুষ্ঠান পরিবেশন করতে হবে। চলচ্চিত্র প্রদর্শনের ক্ষেত্রে প্রজেক্টর, শব্দ যন্ত্রপাতিসহ অন্যান্য প্রয়োজনীয় যন্ত্রপাতি কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ব্যবহারকারী প্রতিষ্ঠান স্থাপন করবে। চলচ্চিত্র প্রদর্শন ছাড়াও অন্য কোনো অনুষ্ঠানের প্রয়োজনে শব্দ বা আলোক সরঞ্জামাদি এ ইনস্টিটিউট কর্তৃপক্ষের অনুমতিক্রমে বাইরে থেকে ভাড়া করে এনে অডিটোরিয়ামে ব্যবহার করা যাবে। এই ভাড়া করা সামগ্রী কাজ শেষ হলে এ ইনস্টিটিউট ক্যাম্পাসের বাহিরে নিয়ে যেতে হবে।

৪.১৪। ব্যবহারকারী প্রতিষ্ঠান কর্তৃক অডিটোরিয়ামের ভৌত অবকাঠামো, সমুদয় যন্ত্রপাতি এবং আনুষঙ্গিক এর নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

৪.১৫। অডিটোরিয়ামের কোনো দ্রব্য, আসবাবপত্র, যন্ত্রপাতি ইত্যাদির ক্ষতি বা নষ্ট হয়ে গেলে ব্যবহারকারী প্রতিষ্ঠান এ ইনস্টিটিউট কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে নির্ধারিত হারে ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে। অন্যথায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

৪.১৬। বিদ্যুৎ বিভ্রাট হলে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট নিজস্ব জেনারেটর দিয়ে অডিটোরিয়ামে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবে। এক্ষেত্রে জেনারেটর ব্যবহারের ব্যয় ব্যবহারকারী প্রতিষ্ঠান বহন করবে। তাৎক্ষণিকভাবে উক্ত ব্যয় পরিশোধ করতে হবে।

৪.১৭। অনিবার্য কারণে বিদ্যুৎ বিভ্রাট, শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা, আলোক বা শব্দ ব্যবস্থার কোনো সমস্যা দেখা দিলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৪.১৮। ব্যবহারকারী প্রতিষ্ঠানকে অনুষ্ঠান শেষ হবার সাথে সাথেই সঙ্গে আনা সেটসহ যাবতীয় সামগ্রী অডিটোরিয়াম থেকে সরিয়ে নিয়ে যেতে হবে। কোনো অবস্থাতেই এ সব দ্রব্যাদি অডিটোরিয়ামের ভিতর বা অন্য কোনো স্থানে সংরক্ষণ করা যাবে না।

৪.১৯। (ক) ব্যবহারকারী প্রতিষ্ঠান আহারের জন্য নির্ধারিত স্থান ব্যতিত অডিটোরিয়াম বা এ ইনস্টিটিউটের ক্যাম্পাসের কোনো স্থান ব্যবহার করতে পারবে না।

(খ) অডিটোরিয়াম ও এর সন্নিহিত এলাকায় ধূমপান, মাদকদ্রব্য সেবন এবং মদ্যপানসহ যে কোনো অসামাজিক কার্যক্রম সম্পূর্ণ নিষিদ্ধ।

৪.২০। ব্যবহারকারী প্রতিষ্ঠান অথবা ব্যক্তি কর্তৃক প্রদর্শিত চলচ্চিত্র, মঞ্চায়িত নাটক বা সাংস্কৃতিক অনুষ্ঠান যদি জাতীয়/মুক্তিযুদ্ধের চেতনা পরিপন্থি, ধর্মীয় বিদ্বেষ সৃষ্টিকারী, অসামাজিক, অশালীন কিংবা আপত্তিকর বা উত্তেজনাকর বলে কর্তৃপক্ষের নিকট বিবেচিত হয়, তাহলে কর্তৃপক্ষ যে কোনো সময় অনুষ্ঠান বন্ধসহ অডিটোরিয়াম ব্যবহারের অনুমতি বাতিল করতে পারবে। এরূপ ক্ষেত্রে প্রয়োজনে ব্যবহারকারী প্রতিষ্ঠানের বা ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠান এই অডিটোরিয়াম ব্যবহারের অযোগ্য বলে বিবেচিত হবে। এ ক্ষেত্রে অগ্রিম পরিশোধকৃত অর্থের ৫০% (পঞ্চাশ শতাংশ) কর্তন করা যাবে।

চলমান পাতা-০৩

৪.২১। অডিটোরিয়ামটি কোনো অবস্থাতেই কোনো প্রকার স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের বিশেষ কোর্স পরিচালনা কিংবা কোনো রাজনৈতিক সংগঠনের কর্মকান্ড পরিচালনার জন্য ব্যবহার করতে পারবে না।

৪.২২। অডিটোরিয়াম বা এর কোনো স্থানে অথবা এ ইনস্টিটিউটের ক্যাম্পাসে কোনো আগ্নেয়াস্ত্র বা সরকার কর্তৃক নিষিদ্ধ করা হয়েছে এমন দ্রব্য বহন বা সংরক্ষণ করা যাবে না। এর ব্যত্যয় ঘটলে অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানের বা ব্যক্তির বিরুদ্ধে কর্তৃপক্ষ এবং আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

৪.২৩। অডিটোরিয়ামে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে ব্যবহারকারী প্রতিষ্ঠানকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের নীতিমালা, বিদ্যমান আইন ও বিধিবিধান অনুসরণ করতে হবে।

৪.২৪। অনুষ্ঠান বা কার্যক্রম চলাকালীন সময় ব্যবহারকারী প্রতিষ্ঠানকে অডিটোরিয়াম ও ইনস্টিটিউট ক্যাম্পাসের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সার্বক্ষণিক পর্যাপ্ত সংখ্যক নিরাপত্তা কর্মী নিয়োজিত করতে হবে।

৪.২৫। ব্যবহারকারী প্রতিষ্ঠান, কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিত অডিটোরিয়ামটির ভৌত অবকাঠামো, যন্ত্রপাতি এবং অন্য কোনো স্থাপনা পরিবর্তন, সংযোজন বা পরিমার্জন করতে পারবে না। তবে প্রয়োজনবোধে অডিটোরিয়াম ও এর বাহিরে সাজসজ্জা, আলোক সজ্জা সরকারি নিয়ম অনুযায়ী করা যাবে।

৪.২৬। অডিটোরিয়াম বরাদ্দের আবেদন মঞ্জুর করা বা না করা এবং কোনো কারন দর্শানো ছাড়া যে কোনো সময় প্রদত্ত অনুমতি বাতিল করার সম্পূর্ণ অধিকার জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট সংরক্ষণ করবে। তবে প্রদত্ত অনুমতি বাতিল করা হলে কর্তৃপক্ষ অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানের জমাকৃত অর্থ ফেরত দিবে।

৪.২৭। অডিটোরিয়ামের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের জন্য এ ইনস্টিটিউট কর্তৃপক্ষ বা তদ্‌কর্তৃক মনোনীত প্রতিনিধি নিয়মিত অডিটোরিয়াম পরিদর্শন করবে। পরিদর্শনকালে অডিটোরিয়ামটির ভৌত অবকাঠামো, যন্ত্রপাতি এবং আনুষঙ্গিকের কোনো পরিবর্তন, সংযোজন, পরিমার্জন লক্ষ্য করলে তাৎক্ষণিক ব্যবহারকারী প্রতিষ্ঠানের দৃষ্টি আকর্ষণ করবে এবং ব্যবহারকারী প্রতিষ্ঠান ক্ষতিপূরণ প্রদানসহ দ্রুত সংশোধনের ব্যবস্থা করবে।

৪.২৮। ব্যবহারকারী প্রতিষ্ঠান অডিটোরিয়াম ও এর সংলগ্ন এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখবে।

৪.২৯। বিদ্যুৎ বিভ্রাট বা অন্য কোনো দুর্ঘটনার কারণে অডিটোরিয়ামটির ভৌত অবকাঠামো, যন্ত্রপাতি এবং আনুষঙ্গিকের আংশিক বা সম্পূর্ণ ক্ষতি হলে অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান তা নিজ উদ্যোগ ও খরচে সংশোধন, মেরামত, পরিবর্তন ও প্রতিস্থাপন করতে বাধ্য থাকবে।

৪.৩০। ব্যবহারকারী প্রতিষ্ঠানের কোনো নেশাগ্রস্ত, মাদকাসক্ত বা মারাত্মক সংক্রামিত ব্যক্তি/ব্যক্তিবর্গ অডিটোরিয়াম বা এ ইনস্টিটিউট ক্যাম্পাসে অবস্থান করতে পারবে না।

৪.৩১। এই নীতিমালায় বিধৃত হয়নি, অথচ প্রয়োজনীয়, এমন কিছু উদঘাটিত হলে, এ ইনস্টিটিউটের কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই নীতিমালায় সংযোজন করা যাবে।

৫। **ভাড়ার হার :**

৫.১। (ক) অডিটোরিয়াম ব্যবহারের লক্ষ্যে অনুষ্ঠান শুরুর নির্ধারিত তারিখের ন্যূনতম ০২ (দুই) দিন পূর্বে নিম্নোক্ত হারে ভাড়া পরিশোধ করতে হবে: সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থা প্রতি কর্ম দিবসের ০৮ ঘন্টার জন্য ২০,০০০/-(বিশ হাজার) টাকা মাত্র এবং বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠান/ব্যক্তিকে প্রতি কর্ম দিবসের ০৮ ঘন্টার জন্য ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা মাত্র ভাড়া দিতে হবে। সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে অতিরিক্ত প্রতি এক ঘন্টার জন্য ২,০০০/-(দুই হাজার) টাকা এবং বেসরকারি প্রতিষ্ঠান/ব্যক্তির ক্ষেত্রে অতিরিক্ত প্রতি এক ঘন্টার জন্য ৩,০০০/-(তিন হাজার) টাকা হারে অতিরিক্ত ভাড়া দিবে। ধার্যযোগ্য ভ্যাটসহ সর্বমোট হিসাবের টাকা জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক বরাবর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা প্রদান করবে।

চলমান পাতা-০৪

৫.২। ব্যবহারকারী প্রতিষ্ঠান/ব্যক্তি কর্তৃক অডিটোরিয়াম ব্যবহারের পূর্বে জামানত বাবদ ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা মাত্র নগদ অগ্রিম কর্তৃপক্ষের নিকট জমা রাখতে হবে। অডিটোরিয়াম ব্যবহার ও তাদের আনা সকল সামগ্রী অপসারনের পর কর্তৃপক্ষ কর্তৃক অবিলম্বে তা ফেরত দেয়া হবে। তবে বিকাল ০৫:০০ টার পর অনুষ্ঠান শেষ হলে পরের দিন তা ফেরত দেওয়া হবে।

৫.৩। নির্ধারিত সময়ের মধ্যে অর্থ জমা দিতে ব্যর্থ হলে অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানের বরাদ্দ বাতিল করা হবে।

৫.৪। নির্ধারিত সময়ের মধ্যে অডিটোরিয়ামের ভাড়া (প্রযোজ্য ভ্যাটসহ) ও জামানতের অর্থ প্রাপ্তির পর কর্তৃপক্ষ নির্ধারিত প্রতিনিধির মাধ্যমে ব্যবহারকারী প্রতিষ্ঠানকে অডিটোরিয়ামটি ব্যবহারের সুবিধা দিবে।

**৬। আবেদনের নিয়মাবলি:**

৬.১। আগ্রহী প্রতিষ্ঠান বা ব্যক্তিকে নির্ধারিত অনুষ্ঠানের ০৭ (সাত) দিন পূর্বে অডিটোরিয়াম ব্যবহারের অনুমতি চেয়ে মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, মিরপুর, ঢাকা বরাবর লিখিত আবেদন করতে হবে।

৬.২। একবার জমা দেয়া আবেদন পত্র কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোনোরূপ পরিবর্তন, সংযোজন বা বিয়োজন করা যাবে না।

৬.৩। কর্তৃপক্ষ কর্তৃক ব্যবহারকারী অনুমোদন প্রাপ্তির পর অডিটোরিয়ামের ভাড়া ও অন্যান্য পাওনাদি অফিস চলাকালীন সময়ে পরিশোধ করতে হবে। সকল পাওনাদি পরিশোধের পর ব্যবহারকারী প্রতিষ্ঠানের অনুকূলে চূড়ান্ত অনুমতি পত্র প্রদান করা হবে।

৬.৪। চূড়ান্ত অনুমতি পত্র না পাওয়া পর্যন্ত অডিটোরিয়াম ব্যবহারে আগ্রহী প্রতিষ্ঠান বা ব্যক্তি অডিটোরিয়াম ব্যবহার করতে পারবে না।

৬.৫। অডিটোরিয়াম ব্যবহারের তারিখ পরিবর্তনের আবেদন জানালে অডিটোরিয়াম খালি থাকা সাপেক্ষে তারিখ পরিবর্তনের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

৬.৬। চূড়ান্ত অনুমতিপত্র পাবার পর প্রতিষ্ঠান বা ব্যক্তি অডিটোরিয়ামে অনুষ্ঠান নির্ধারিত তারিখের ২৪ ঘন্টা পূর্বে বরাদ্দ বাতিল করার আবেদন জানালে আগ্রহী প্রতিষ্ঠান বা ব্যক্তির জামানত থেকে ৫% কর্তন করা হবে। অডিটোরিয়ামের অনুষ্ঠান আয়োজনের জন্য বরাদ্দের নির্ধারিত তারিখে ভাড়া বা অনুষ্ঠান বাতিলের আবেদন জানালে জমা দেয়া অর্থের সম্পূর্ণই কর্তন করা হবে।

৬.৭। এক সংগঠনের নামে বরাদ্দকৃত অডিটোরিয়াম অন্য সংগঠন ব্যবহার করতে পারবে না।

৬.৮। সংগঠনের পরিচিতি নিশ্চিতকরণের জন্য যথাযথ কর্তৃপক্ষের রেজিষ্ট্রেশন/অনুমোদন পত্র সংযোজন করতে হবে।

**৭। রক্ষণাবেক্ষণ ও মেরামত :**

৭.১। গণপূর্ত অধিদপ্তরের বহিঃভুক্ত প্রতিষ্ঠান বিধায় গণপূর্ত অধিদপ্তর (পূর্ত ও বৈ:/যা:) কর্তৃক অডিটোরিয়ামটির ভৌত অবকাঠামো, সমুদয় যন্ত্রপাতি এবং আনুষঙ্গিক এর নিয়মিত রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজ সম্পন্ন করা হবে।

৭.২। এ ইনস্টিটিউট কর্তৃপক্ষ বা তদকর্তৃক মনোনীত প্রতিনিধি অডিটোরিয়ামটির ভৌত অবকাঠামো, সমুদয় যন্ত্রপাতি এবং দ্রব্যাদি নিয়মিত রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজ তদারকি করবে।

৭.৩। অডিটোরিয়ামের জরুরি মেরামত ও রক্ষণাবেক্ষণ (পূর্ত ও বৈ:/যা:) কাজ প্রয়োজনবোধে এ ইনস্টিটিউট নিজস্ব বাজেট থেকে ব্যয় নির্বাহ করে নিজ ব্যবস্থায় সম্পন্ন করতে পারবে।

চলমান পাতা-০৫

৮। **নীতিমালার ব্যাখ্যা :**

৮.১। সরকারের অনুমোদন সাপেক্ষে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অডিটোরিয়ামের বহুমাত্রিক ব্যবহার সংক্রান্ত নীতিমালা সংশোধন, সংযোজন বা পরিমার্জন করতে পারবে।

৮.২। এ নীতিমালার কোনো শব্দ বা শব্দাবলির ব্যাখ্যার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৯। **নীতিমালার প্রয়োগ :**

৯.১। এ নীতিমালা জারীর তারিখ থেকে কার্যকর হবে।

৯.২। অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানের জন্য সকল ক্ষেত্রেই কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৯.৩। এই নীতিমালা সংশ্লিষ্ট সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।

৯.৪। ব্যবহারকারীকে এই মর্মে অঙ্গীকার করতে হবে যে, আবেদনপত্রে বিধৃত সকল বিষয় ও তথ্য সম্পূর্ণ সত্য এবং

আবেদনকারী অত্র নীতিমালার সকল শর্ত মানতে বাধ্য।

মাহবুবা ফারজানা
সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়